ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪০.০৭.১৫৯.২৩ নথির বিষয়: Cleaning & Maintenance Works of Narinda Central Sewerage Treatment Plant Staff's Quarter Compound, Dhaka

নোট: ১ নোটের বিষয়: **Cleaning & Maintenance Works of Narinda Central Sewerage Treatment Plant Staff's Quarter Compound, Dhaka**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৭/৮/২৩ ১১:০৭ পূর্বাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ শোধনাগার স্টাফ কোয়ার্টার কম্পাউন্ডের এ্যালোটিগন মৌখিক ভাবে অভিযোগ করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সাইট পরিদর্শন হয়। পরিদর্শন কালে দেখা যায় যে- উক্ত কম্পাউন্ডের মধ্যে ১৬ টি কোয়ার্টার আছে। ১৬ টি কোয়ার্টারের মধ্যে ৯টি অব্যবহৃত অবস্থায় আছে। এই অব্যবহৃত কোয়ার্টার এর ভিতর মশা-মাকড়শা,পোকামাকড়সহ সাপ-ব্যাঙ বসবাস করছে, যা বসবাসকারী এ্যালোটিরদের জন্য খুবই আতঙ্কের ব্যাপার। উক্ত কম্পাউন্ডের মধ্যে ছোট-বড় অনেক আগাছা হয়ে কম্পাউন্ডটি অপরিষ্কার অবস্থায় আছে, যা ফলে কোয়ার্টারে বসবাস অস্বাস্থ্যকর ও অনুপযোগী। এছাড়াও কোয়ার্টার এর চারদিকের জায়গা কিছুটা নিচু থাকায় নোংরা পানি জমে আছে , যা এডিস মশার লার্ভা সৃষ্টির বড় কারণ হতে পারে। বর্তমানে এডিস মশার প্রাদুর্ভাব ঢাকাসহ সারা বাংলাদেশে ছড়িয়ে পরেছে। পানি জমে থাকার ব্যাপারে সিটি কর্পোরেশন অভিযোগ করেছেন। কোয়ার্টার পরিস্কারকরণ এর জন্য এ্যালোটিগন মৌখিক ভাবে তাগাদা দিতেছে। সুতরাং জরুরী ভিত্তিতে উক্ত কাজটি সম্পূর্ন করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৭/৮/২৩ ১১:১০ পূর্বাহ্ন

উক্ত কাজটি সম্পন্ন করার জন্য পিডব্লিউডি-২২ রেট সিডিউল এবং বর্তমান বাজার দর এর ভিত্তিতে একটি প্রাক্কলন পেশ করা হলো। কাজটির প্রাক্কলিত ব্যয়ের পরিমান দাঁড়িয়াছে ৪৯৯৮০/-(উনপঞ্চাশ হাজার নয়শত আশি) টাকা প্রাক্কলনটি পি.পি.আর-২০০৮ এর ৭৬(১/ট) ধারা অনুযায়ী সরাসরি চুক্তি (ভৌতসেবা) পদ্ধতিতে "Amir Construction" এর মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। উক্ত কাজের ব্যয়ভার সি.এম বিভাগের ২০২৩-২০২৪ অর্থ-বছরের রাজস্ব বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার "আবাসিক দালান রক্ষণাবেক্ষণ" খাতের ক্রমিক নং-১১১ হতে বহন করা হবে

সংযুক্তিসমূহ (২):

১। ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।.

২। প্রস্তাবিত প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৭/৮/২৩ ১১:১১ পূর্বাহ্ন

এমতাবস্থায়, Cleaning & Maintenance Works of Narinda Central Sewerage Treatment Plant Staff's Quarter Compound, Dhaka. কাজের প্রস্তাবিত ৪৯৯৮০/-(উনপঞ্চাশ হাজার নয়শত আশি) টাকার প্রাক্কলনটি পি.পি.আর-২০০৮ এর ৭৬(১/ট) ধারা অনুযায়ী সরাসরি চুক্তি (ভৌতসেবা) পদ্ধতিতে "Amir Construction" এর মাধ্যমে সম্পাদনের সদয় অনুমোদন দেওয়া যেতে পারে। প্রাক্কলনটির অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

৭/৮/২৩ ১১:৪২ পূর্বাহ্ন রাফেজ আহমেদ উপ-সহকারী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	৭/৮/২৩ ১২:৫৯ অপরাহ্ন মোঃ আরমান ভূইয়া উপ-বিভাগীয় প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	৮/৮/২৩ ১১:৪৯ পূর্বাহ্ন মুক্তা সাহা নির্বাহী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	৮/৮/২৩ ১:৪৬ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল
			~~৮/৮/২৩ ১:৪৬ অপরাহ্ন~~ ~~মোঃ কামরুল হাসান~~ ~~প্রধান প্রকৌশলী~~ ~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৮/৮/২৩ ৫:৩০ অপরাহ্ন

অনুমোদিত

৮/৮/২৩ ৫:৩০ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	৯/৮/২৩ ১১:৪০ পূর্বাহ্ন মুক্তা সাহা নির্বাহী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	৯/৮/২৩ ১১:৪০ পূর্বাহ্ন রাফেজ আহমেদ উপ-সহকারী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ